

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স : +৮৮০-২-৯৬৭৬৬০০



PHARMACY COUNCIL OF BANGLADESH

Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৬-০৫৮২(৬)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ফার্মেসি বিভাগের বি. ফার্ম কোর্সে অনুমোদিত আসন সংখ্যার অতিরিক্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের স্টুডেন্ট রেজিস্ট্রেশন প্রদান।

সূত্র: (১) পিসিবি/২০২৪-২৪৭২, তারিখ: ১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ।

(২) পিসিবি/২০২৫-৬১৬/(৫), তারিখ: ১৭ মে ২০২৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের এক্রিডিটেশন ও এডুকেশন কমিটি কর্তৃক প্রণীত সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বি. ফার্ম কোর্সের অভিস্বীকৃতি (Accreditation) ও শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুযায়ী বি. ফার্ম কোর্সে ভর্তিযোগ্য কিন্তু ২০২৩ সাল পর্যন্ত অনুমোদিত আসন সংখ্যার অতিরিক্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের স্টুডেন্ট রেজিস্ট্রেশন গ্রহণের জন্য ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করে আবেদন করতে হবে:

- ১। বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের চেয়ারম্যান/বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত স্টুডেন্ট রেজিস্ট্রেশন ফরম (পিসিবি ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত);
- ২। এস এস সি/সমমান এবং এইচ এস সি/সমমান পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের চেয়ারম্যান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে এবং
- ৩। 'বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল' এর অনুকূলে শিক্ষার্থী প্রতি ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

উল্লেখ্য, কেবলমাত্র স্টুডেন্ট রেজিস্ট্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীরা বি. ফার্ম কোর্স সম্পন্ন করার পর কাউন্সিল হতে "এ" ক্যাটাগরিতে পেশাগত রেজিস্ট্রেশন পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হবে।



(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে):

- ১। সহ-সভাপতি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ২। সভাপতি, এক্রিডিটেশন ও এডুকেশন কমিটি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা (সভাপতি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল ও সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, ঢাকা।
- ৬। জনাব নাঈম আহমেদ, আইটি কর্মকর্তা, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল (ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় প্রচারের জন্য)।
- ৭। অফিস কপি।